



প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৫/০১/২০২১

“জাতীয় সাইবার ড্রিল ২০২০” এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল’র অধিনস্ত বিজিডি ই-গভ সার্ট “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০” উপলক্ষে গত ১২ এবং ১৩ ডিসেম্বর ২০২০ তারিখে বাংলাদেশে প্রথম বারের মত দুই দিন ব্যাপি “জাতীয় সাইবার ড্রিল ২০২০” অনলাইন মাধ্যমে আয়োজন করে। জাতীয় সাইবার ড্রিল ২০২০ এ সরকারি ও বেসরকারি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, নিয়ন্ত্রক প্রতিষ্ঠান, আইন প্রয়োগকারী সংস্থা, বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানি থেকে ও স্বতন্ত্র ভাবে ২৩৩টি দলে ১০০০ জনের অধিক অংশগ্রহণকারী অংশগ্রহণ করে। দলবদ্ধ এই সাইবার ড্রিল প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার লাভ করে জনাব অনিমেস খাসকেল এর নেতৃত্বে SiliconBits, দ্বিতীয় মোঃ রাসেল ভূঁইয়ার নেতৃত্বে The Infinity Bytes এবং তৃতীয় হয় মোঃ খতিব আল ফাহাদ এর নেতৃত্বে Heimdall।

আজ ৫ জানুয়ারী ২০২১ তারিখে আইসিটি টাওয়ারে বিজিডি ই-গভ সার্টের পক্ষ হতে বিজয়ী দলগুলোকে পুরস্কৃত করা হয়। উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম পিএএ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থপ্রতিম দেব। ডিজিটাল সিকিউরিটি এজেন্সির মহাপরিচালক জনাব মোঃ রেজাউল করিম এন/ডিসি সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিজিডি ই-গভ সার্টের প্রকল্প পরিচালক জনাব তারেক এম বরকতউল্লাহ।